

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd
ই-মেইল : dteadvoc@gmail.com

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৪৭৬.১৭. ২০৬১

তারিখ : ২৭/১২/২০১৭ খ্রিঃ

বিষয় : টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে ড্রাইভিং ও মটর মেকানিক্স বিষয়ে শর্ট কোর্স চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোকেশনাল শাখাবীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে দক্ষ মেকানিক ও গাড়ি চালক তৈরীর লক্ষ্যে ২০১৫ সাল হতে ড্রাইভিং ও মটর মেকানিক্স বিষয়ে শর্ট কোর্স চালু করা হয়।

- ২। এ সকল প্রতিষ্ঠানে যুগোপযোগী তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষা প্রদানের নিমিত্ত কোন গাড়ী বরাদ্দ না থাকায় ২০১৫ সালে দুইটি পর্যায়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরবীন জেলা শিক্ষা অফিসারের ব্যবহৃত পুরাতন গাড়ী অধিকাংশ টেকনিক্যাল স্কুল ও কলেজের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়।
- ৩। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বর্ণিত প্রতিষ্ঠানসমূহে ড্রাইভিং কাম অটোমেকানিক্স শর্ট কোর্স প্রশিক্ষণার্থী ভর্তির অনুমোদন প্রদান করলে কিছু কিছু প্রতিষ্ঠান কোর্সটি চালু করলেও অধিকাংশ প্রতিষ্ঠান কোর্সটি চালু করার ব্যাপারে কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেননি।
- ৪। ড্রাইভিং কাম অটোমেকানিক্স শর্ট কোর্সের প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষার্থীদের দেশে-বিদেশে বিপুল চাহিদা বিদ্যমান।
- ৫। এমতাবস্থায়, দেশে-বিদেশে বর্ণিত কোর্স সম্পন্নকারীদের চাহিদা বিবেচনা করে দ্রুত কোর্সটি চালুকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। বর্ণিত কোর্সটি চালু করার ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত একটি প্রতিবেদন আগামী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব (কারিগরি)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ

..... টেকনিক্যাল স্কুল ও কলেজ।

অনুলিপি :

- ০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।